জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর।

স্মারক নং-(৩৩) জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/এলএলবি শেষ বর্ষ/২০১৭/৯৬৪৪ তারিখ ঃ ১১/০৭/২০১৮

বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত এলএলবি শেষ পর্ব পাঠদানকারী কলেজ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের এলএলবি শেষ পর্ব পরীক্ষা আগামী সেপ্টেম্বর,২০১৮ অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদানের তারিখ, নিয়ম ও শর্তাবলী নিম্নরূপ ঃ

পরীক্ষার ফি		আবেদন ও বিবরণী ফরম পূরণ শুরু ও শেষ তারিখ	ডাটা এন্ট্রি করার শেষ তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার শেষ তারিখ	বিবরণী ফরম এবং সোনালী সেবার টাকা জমা রশিদ বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখ
বিবরণ	পরিমান (টাকা)				
১। পরীক্ষার্থী প্রতি (নিয়মিত/ অনিয়মিত) যারা গত দুই বছর পরীক্ষায় অংগ্রহণ করে নাই)	৩০০×৭=২১০০/-	১৬/০৭/২০১৮ হতে ২৮/০৭/২০১৮	২৯/৭/২০১৮ হতে ৩০/০৭/২০১৮ সময়: ১১.৫৯ (রাত) পর্যন্ত	৩১/০৭/২০১৮ হতে ০১/০৮/২০১৮	০২/০৮/২০১৮
২। মানউন্নয়ন যারা গত বছর সকল পত্রে অংশগ্রহণ করেছে অথবা কোন এক পত্রে অনুপস্থিত রয়েছে।	মানউন্নয়ন প্রতিপত্র ৩০০/- হিসাবে+ বিশেষ অর্ন্তভূক্তি ফি ৫০০/-				
৩। কেন্দ্র ফি পরীক্ষার্থী প্রতি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)	৫০০/-				
৪। ৮ম পত্র (কোডঃ ৫১৩১১৫) অর্ধপত্র হিসাবে বিবেচিত হবে।	২৫০/-				
৫। কোর্ট ট্রায়াল ও মৌখিক (৯ম পত্র) ।	২৫০/-				
৫। নম্বরপত্র ও সাময়িক সনদপত্র ফি *(যারা গত দুই বছর পরীক্ষায় (একই রেজিস্ট্রেশনে) অংশগ্রহণ করেছে তাদের নম্বরপত্র ফি জমা দিতে হবে না।)*	৬০০/-				

বিঃদ্রঃ- > সরকারী/সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী চাকুরীর কর্মস্থল পরিবর্তন হলে বদলী আদেশ এবং বিভাগীয় প্রধানের প্রত্যায়ন ও পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিসহ আবেদন করে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা কেন্দ্র পরিবর্তন ফি প্রদান সাপেক্ষে কেন্দ্র পরিবর্তন করতে পারবে। এ ছাড়া মহিলা শিক্ষার্থী বৈবাহিক কারণে স্থান পরিবর্তন হলে নিকাহ নামা প্রদান সাপেক্ষে কেন্দ্র পরিবর্তনের আবেদন করতে পারবে। উল্লিখিত কারণ ছাড়া কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তনের আবেদন গ্রহণ করা হবে না।

** বিলম্ব ফি দিয়ে আবেদন ফরম পুরণের সুযোগ থাকবে না।

১। আবেদন ফরম সংগ্রহ (শিক্ষার্থী/কলেজের জন্য):

এলএলবি শেষ পর্ব পরীক্ষার আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.edu.bd** থেকে ডাউন লোড করতে হবে। পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ প্রিন্টকৃত কপি ফটোকপি করে নিতে পারবেন।

২। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত এল এল বি শেষ পর্ব পরীক্ষার পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী ২০১৭ সালের এল এল বি শেষ পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২০১৪-১৫,২০১৫-২০১৬ ,২০১৬-১৭ শিক্ষাবর্ষের নিয়মিত পরীক্ষার্থীদের নতুন সিলেবাস অনুযায়ী ০৯ (নয়) পত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (তবে ফলাফল পূর্বের নিয়মে হবে)।

খ) ২০১৬ সালের এলএলবি শেষ পর্ব পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী সকল পত্রে অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, তারা এক বা একাধিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে (রেজিঃ কার্ডের মেয়াদ থাকা সাপেক্ষে)। এক্ষেত্রে যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধুমাত্র সেই সকল পত্রে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এই জাতীয় পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের প্রাপ্ত নম্বরের সাথে ২০১৭ সালের অংশগ্রহণকৃত বিষয়ের/বিষয় সমূহের নম্বর সমন্বয় করে ফলাফল প্রকাশ করা হবে।

গ) যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের এল এল বি শেষ পর্ব পরীক্ষায় মান-উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এক বা একাধিক বিষয়ে অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০১৭ সালের এল এল বি শেষ পর্ব পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অংশগ্রহণ করতে পারবে না। তবে যাদের রেজিঃ কার্ডের মেয়াদ আছে তারা সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের এলএলবি শেষ পর্ব পরীক্ষায় সকলপত্রে অংশগ্রহণ করে ৪৫% এর কম নম্বর পেয়ে ৩য় শ্রেণীতে পাস করেছে, অথবা কোন এক পত্রে অনুপস্থিত থেকে অকৃতকার্য হয়েছে তারা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ৪৫% নম্বর কম পাওয়াপত্রে মান-উন্নয়ন অথবা অনুপস্থিত পত্রে পরীক্ষা দিতে পারবে।

৩। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :

ক) পরীক্ষার্থীরা আবেদন ফরম (পরীক্ষার্থীর অংশ) স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট কলেজে জমা দিবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি এবং ইতিপূর্বে অংশগ্রহনকারী পরীক্ষার্থীদের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি ও *সরকারী চাকুরীজিবীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র* সংযুক্ত করতে হবে।

খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পরীক্ষা কোড লিখতে হবে। পরীক্ষা কোড লিখতে কোন প্রকার ভুল হলে পুনরায় অবশ্যই সঠিকভাবে লিখতে হবে।

গ) ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্র ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে বিবরণীর ফটোকপি জমা দিতে হবে।

ঘ) প্রত্যেক পরীক্ষার্থীকে সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট আকারের ছবি (কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

চ) অসম্পূর্ণ আবেদন ফরম কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

৪। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (কলেজের জন্য) :

ক) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা **Proabale List**-এ প্রকাশ করা হবে।

খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করেছে কি-না তা যাচাই করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজ সংরক্ষণ করবে। এটি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না।

ঘ) যদি কোন পরীক্ষার্থীর আবেদনফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর এক বছর পর্যন্ত) তবে তা সরবরাহ করতে হবে।

৫। বিবরণী ফরম/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) নিয়মিত/অনিয়মিত/ মান উন্নয়ন পরীক্ষার্থীদের বিবরণী ফরম আলাদা ভাবে তৈরি করার প্রয়োজন নেই।

খ) এন্ট্রির জন্য **Data Entry user manual** বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এ দেওয়া আছে। **Data Entry** করার সময় এর নিয়মাবলী অনুসরন করতে হবে।

গ) কলেজগুলোকে **Collage Login** হতে **Password** সংগ্রহ করতে হবে। প্রয়োজনে টি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করা যেতে পারে ।

ঘ) আবেদন ফরমের পরীক্ষার্থীর অংশ থেকে পরীক্ষার্থীর বর্তমান কলেজ কোড, রেজিষ্ট্রেশন নম্বর ও বিষয় কোড নির্ধারিত ওয়েব সাইট এর মাধ্যমে এন্ট্রি করতে হবে।

ঙ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন পরীক্ষা দিতে ইচ্ছুক সে গুলির বিষয় কোড এন্ট্রি করতে হবে।

চ) বিষয়ওয়ারী বিবরণী ফরম এন্ট্রি করার পর এ প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে।

ছ) ফরম পূরণের নিয়মাবলী ও তথ্যাদি ওয়েব সাইটে **www.nu.edu.bd** দেয়া আছে।

জ) **Data Entry** অনলাইনে ট **www.nu.edu.bd** এ আগামী ১৬/০৭/২০১৮ তারিখ হতে পাওয়া যাবে।

৬। বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলী :

ক) বিবরণী ফরম অনলাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালযের অনুকূল ডিডি করার পরিবর্তে "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.nu.edu.bd)** সোনালী সেবা **Link** থেকে **Log in** করে **Pay Slip** ডাউনলোড করতে হবে।

ঘ) **Pay Slip** এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ) **Pay Slip** সংগ্রহরে জন্য ৩১/০৭/২০১৮ তারিখ সকাল ১০:০০ টা হতে ০১/০৮ /২০১৮ তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত **Link Active** থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে **Pay Slip** ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না।

চ) ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৭। পরীক্ষা পরিচালনা:

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষা শুরুর পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

৮। পত্রের বিষয় কোড, শিরোনাম ও মোট নম্বর (নতুন সিলেবাস)

বিষয় কোড	বিষয়ের শিরোনাম	মোট নম্বর
513101	Law of Transfer of Property and Intellectual property Law	100
513103	Law of Civil Procedure and Law of Limitation	100
513105	Law of Crimes and Crimical Procedure	100
513107	Law of Evidence	100
513109	International Law	100
513111	Company and Business Laws of Bangladesh	100
513113	Land Laws, Law of Registration and Public Demand Recovery	100
513115	Legal Drafting Professional Ethic	50
513116	Trial and Advocacy Training and Viva-Voce	50

বি:দ্রঃ- ⟹ ননকলিজিয়েট (৭৫% এর কম ক্লাশে উপস্থিত) শিক্ষার্থীদের ফরম পূরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজকেই তার দায়-দায়িত্ব বহন করতে হবে।

> পরীক্ষার সময়সূচী, প্রবেশপত্র বিতরণের তারিখ ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে জানা যাবে। ফরম পূরণের বিবিরণী জমা দেয়ার সময় অবশ্যই সর্বশেষ হালনাগাদ কলেজ অধিভুক্তির কপি নবায়নের কপি জমা দিতে হবে।

> পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে প্রয়োজনে ০২-৯২৯১০৪২ অথবা ০১৭১৬২৭১৭৮৫ এই নম্বরে যোগাযোগ করা যাবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন :০২-৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪